



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)



নম্বর-২৮.০০.০০০০.০২০.১২.১০৮.১৯.

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭  
০১ এপ্রিল ২০২১

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৯-০৩-২০২১ তারিখের ৮০.০০.০০০০.১০৫.১২.০১১.২১-৩ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' মোতাবেক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নিম্নবর্ণিত ০১(এক) জন কর্মচারীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১০ম গ্রেডে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনস্কেলে প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রম	কর্মচারীর নাম ও পূর্ববর্তী পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদবি
১.	জনাব এম এ হান্নান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	প্রশাসনিক কর্মকর্তা

পদোন্নতির শর্তাবলি:

- ক. উল্লিখিত কর্মকর্তাকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১(এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হলো। নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২(দুই) বৎসর করতে পারবেন।
  - খ. শিক্ষানবিসকালে কর্মকর্তার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে যে পদ থেকে পদোন্নতি দিয়েছিলেন সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন।
  - গ. এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।
  - ঘ. এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ২। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(এইচ. এম. খালিদ ইফতেখার)

উপসচিব

ফোন: ৯৫১৪১৬৫

ইমেইল: dsadmin1@emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.১২.১০৮.১৯.২২৪


তারিখ ১৮ চৈত্র ১৪২৭

: ০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

- ১০। জনাব এম এ হান্নান, প্রশাসনিক কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। ব্যক্তিগত নথি/চাকুরী বহি।

  
 (এইচ. এম. খালিদ ইফতেখার)  
 উপসচিব

ক্রমিক ক্রম	নাম	পদ